



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।
www.dol.chittagongdiv.gov.bd

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৫০.০১২.২০.১৯৪০

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ফরচুন এ্যাপারেলস লি: নাসিরাবাদ শি/এ, চট্টগ্রাম এর যৌথ দরকষাকষি প্রতিনিধি(সিবিএ) নির্ধারণী নির্বাচন তারিখ:

১২/০৪/২০২৩খ্রি. প্রসঙ্গে অনুষ্ঠিত ২৭/৩/২০২৩খ্রি: তারিখের ত্রি-পক্ষীয় মতবিনিময় সভার সিদ্ধান্ত অবহিতকরন।

সূত্র: (১) অত্র দপ্তরের পত্র স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৫০.০১২.২০.৬১, তারিখ: ০৮-০১-২০২৩খ্রি. ও

(২) অত্র দপ্তরের পত্র স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৫০.০১২.২০.১৮১৭, তারিখ: ২০-০৩-২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে এই মর্মে জানানো যাচ্ছে যে, বিভাগীয় শ্রম দপ্তর চট্টগ্রামের সরাসরি তত্ত্বাবধানে সিবিএ নির্ধারণী নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে কারখানার ব্যবস্থাপনা পরিচালকের নিকট শ্রমিক ও কর্মচারীর তালিকা প্রেরণ করার জন্য সূত্রোক্ত ১ নং স্মারক পত্রের মাধ্যমে ৮/০১/২০২৩খ্রি: পুনরায় অনুরোধ করা হয়। কিন্তু মালিকপক্ষ এবারও কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করেননি। সেই প্রেক্ষিতে সূত্রোক্ত ২ নং স্মারক পত্রের মাধ্যমে ২৭/০৩/২০২৩ইং তারিখ ত্রি-পক্ষীয় মতবিনিময় সভা আহ্বান করা হয়। ২৭/৩/২০২৩ ইং তারিখের সভায় মালিক পক্ষের কোন প্রতিনিধি উপস্থিত হননি এবং শ্রমিক পক্ষের সভাপতি জনাব জেসমিন ও সাধারণ সম্পাদক জনাব বিধান শীলসহ চারজন উপস্থিত ছিলেন। মালিকপক্ষের সহিত মোবাইলে যোগাযোগ করে সন্তোষজনক কোন বক্তব্য পাওয়া যায়নি। মালিক পক্ষের অনুপস্থিতিতে রেজিস্ট্রেশন নম্বর চট্টঃ ২৮৯৬ এর উপস্থিত শ্রমিক পক্ষ তাদের ইউনিয়নকে আইনগতভাবে সিবিএ ঘোষণা করার পুন:দাবী জানান। তাছাড়া, কারখানা কর্তৃপক্ষের শ্রম আইনের ২০২ (৬) ধারা অব্যাহত ভাবে লঙ্ঘন করা সত্ত্বেও অত্র দপ্তর কর্তৃক কোন ধরনের আইনগত প্রতিকারের ব্যবস্থা নিচ্ছে না মর্মে ক্ষোভ প্রকাশ করে। তৎপ্রেক্ষিতে সার্বিক বিবেচনায় আইনগত ভাবে সিবিএ নির্ধারণী নির্বাচন বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ/মতামত প্রদানের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটিকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো হলো।



১৩-০৪-২০২৩

মোঃ খোরশেদুল হক ভূঁইয়া
পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন
০২৩৩৩৩২৩২৫৮
directorctg1@gmail.com

বিতরণ:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ফরচুন এ্যাপারেলস লি., ১৩৫/১৪২, নাছিরাবাদ শিল্প এলাকা, চট্টগ্রাম;
- ২। সভাপতি ও সাধারণ সম্পাদক, ফরচুন এ্যাপারেলস শ্রমিক কর্মচারী ইউনিয়ন, রেজি: নং চট্ট-২৮৩৩, সাউথল্যান্ড সেন্টার (৪র্থ তলা), আগ্রাবাদ, পো: পাঠানটুলী, থানা-ডবলমুরিং, চট্টগ্রাম; এবং
- ৩। সভাপতি ও সাধারণ সম্পাদক, ফরচুন এ্যাপারেলস লি: শ্রমিক ইউনিয়ন, রেজি: নং চট্ট-২৮৯৬, অস্থায়ী কার্যালয়, দোস্ত বিল্ডিং (৩য় তলা), এইচ এস এস রোড, কোতোয়ালী, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৫০.০১২.২০.১৯৪০/১ (৩)

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর ;
- ২। জনাব মোঃ রেজোয়ানুল করিম, অফিস সহকারী, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম(দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
- ৩। অফিস কপি, এ দপ্তর।



১৩-০৪-২০২৩

মোঃ খোরশেদুল হক ভূঁইয়া
পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন